



**BENGAL
COMMERCIAL
BANK**
inspiring growth

কটেজ, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোক্তাদের (CMSME) জন্য আর্থিক সেবা

CMSME (সিএমএসএমই) চারটি ইংরেজি শব্দের প্রথম অক্ষর। C হচ্ছে Cottage; M হচ্ছে Micro; S হচ্ছে Small; M হচ্ছে Medium এবং E তে Enterprise অর্থাৎ শিল্প, সেবা বা ব্যবসায়িক উদ্যোগকে বুঝায়। কাজেই CMSME হলো Cottage (কুটির), Micro (ক্ষুদ্র), Small (ছোট) ও Medium (মাঝারি) খাতে গৃহীত উদ্যোগ।

- ▶ সাধারণত গ্রাহকের CMSME ঋণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজেরাই সংশ্লিষ্ট খাত/উপখাতে ঋণের হার নির্ধারণ করে;
- ▶ তবে সুদের হার সহনশীল মাত্রায় রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ঋণের সুদ/মুনাফার হারের সর্বোচ্চ মাত্রা নির্ধারণ করে নির্দেশনা প্রদান করা হয়;
- ▶ কটেজ, মাইক্রো ও স্মল খাতে নতুন উদ্যোক্তাদেরকে এবং মফস্বলভিত্তিক কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে কটেজ, মাইক্রো, স্মল ও মিডিয়াম এন্টারপ্রাইজকে সর্বোচ্চ ৭% সুদহারে ঋণ প্রদানের নির্দেশনা আছে।

ঋণের পরিমাণ ও ধরনের উপর ভিত্তি করে এবং গ্রাহক/আবেদনকারী প্রতিষ্ঠানের ধরণ বিবেচনায় ভিন্ন ভিন্ন ডকুমেন্ট বা কাগজপত্র/দলিলাদি প্রয়োজন হয়। তবে সাধারণত সিএমএসএমই ঋণের আবেদনকালে নিম্নবর্ণিত কাগজপত্র প্রয়োজন হয়:

- ▶ হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- ▶ জাতীয় পরিচয়পত্র ব্যাংক প্রতিবেদন (বিভিন্ন ব্যাংকের চাহিদা ভিন্ন);
- ▶ ব্যবসা নিজ জমিতে হলে তার দলিল, পর্চা ইত্যাদি এবং বিদ্যুৎ/টেলিফোন বিলের কপি;
- ▶ দোকান/ঘর ভাড়া চুক্তিমালা; করদাতা সনাক্তকরণ সার্টিফিকেট (eTIN);
- ▶ মজুদ মাল ও তার বর্তমান মূল্যের তালিকা;
- ▶ ঋণের আবেদনকারী এবং জামিনদার উভয়ের পাসপোর্ট সাইজ ছবি এবং জামিনদার ব্যবসায়ী হলে তার ট্রেড লাইসেন্সের কপি ও পূরণকৃত CIB Inquiry Form ;
- ▶ চলমান ব্যবসা হলে বিগত ১-৩ বছরের বিক্রয় ও আর্থিক বিবরণী;
- ▶ প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকorporেশন এবং মেমোরেণ্ডাম অব আর্টিক্যালস;
- ▶ মূল্য সংযোজন কর (ভ্যাট) সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);
- ▶ IRC ও IRE সার্টিফিকেট (আমদানি ও রপ্তানি ব্যবসার ক্ষেত্রে) ইত্যাদি।

“কটেজ, মাইক্রো, স্মল খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল” এর আওতায় নতুন উদ্যোক্তাগণ উদ্যোগের প্রকৃতি এবং উৎপাদিত পণ্য ও সেবার বাজার বিবেচনান্তে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে সহায়ক জামানত বিহীন প্রয়োজনে দশ লক্ষ টাকার অধিক ঋণ পেতে পারেন।

*এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর প্রযোজ্য নির্দেশনা অনুসারে সিএমএসএমই ঋণের সুদ/মুনাফার হার সম্পর্কে আর্থিক সাক্ষরতা কর্মকর্তা বেনেফিশিয়ারিদের অবহিত করবেন।

*এখানে উল্লেখকৃত সব কাগজপত্র সবার জন্য প্রযোজ্য হবে না। সেক্ষেত্রে উপস্থিত বেনেফিশিয়ারিদের ধরন বা ঋণ প্রাপ্তির যোগ্যতা বিবেচনা করে/প্রশ্নের আলোকে তাদের জন্য প্রযোজ্য কাগজপত্র সম্পর্কে আর্থিক সাক্ষরতা কর্মকর্তা বেনেফিশিয়ারিদের ধারণা প্রদান করবেন।

▲ এছাড়া, এসএমই ঋণ প্রাপ্তির ক্ষেত্রে সাধারণত নিম্নোক্ত জামানতসমূহ প্রয়োজন হয়ঃ

- হাইপোথিকেশন (মজুদ পণ্য, যন্ত্রাংশ ইত্যাদি);
- মর্টগেজ (স্থাবর সম্পত্তিসমূহ);
- ব্যক্তিগত জামানত;
- গ্রুপ জামানত/ সামাজিক জামানত;
- পোস্ট ডেটেড চেক।

▲ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প নীতি- ২০১৬ এ ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য বিদ্যমান কর সুবিধা অব্যাহত থাকার কথা বলা আছে।
▲ ২০১৩-১৪ সনের বাজেটে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য বার্ষিক টার্নওভার অনধিক ৩০.০০ লক্ষ টাকা পর্যন্ত কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে অর্থায়ন পেতে হলে সাধারণত

- ▲ কমপক্ষে দুই বছরের ব্যবসায়িক অভিজ্ঞতা;
- ▲ বৈধ ট্রেড লাইসেন্স ও
- ▲ প্রযোজ্য জামানত।

তবে উদ্যোগ গ্রহণকারী ব্যক্তির ব্যবসায়িক/প্রশিক্ষণলব্ধ জ্ঞান এবং প্রকল্পের সফলতার সম্ভাবনা বিবেচনায় নিয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান একেবারে নতুন উদ্যোক্তাদেরও অর্থায়ন করে থাকে।

বাংলাদেশ ব্যাংক হতে সিএমএসএমই ঋণ বা অন্য কোনো ধরনের ঋণ সরাসরি জনসাধারণকে প্রদান করা হয় না। বাংলাদেশ ব্যাংক সরাসরি সাধারণ জনগণের সাথে কোন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে না।

তবে, বাংলাদেশ ব্যাংক সাধারণ জনগণের জন্য সাশ্রয়ী ও সহজলভ্য উপায়ে আর্থিক সেবা পাবার সুবিধার্থে পুনঃঅর্থায়ন স্কিমের মাধ্যমে উদ্যোক্তাদের অর্থায়নের শর্তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করে থাকে।

সিএমএসএমই ঋণ সংশ্লিষ্ট সেবা প্রাপ্তির বিষয়ে যে কোন তথ্য ও পরামর্শ পেতে কিংবা ঋণ গ্রহণে হয়রানির শিকার হলে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের প্রবলেম সল্যুশন সেন্টার (Problem Solution Centre) এ সরাসরি যোগাযোগ করতে পারেন। প্রবলেম সল্যুশন সেন্টারে যোগাযোগের ফোন নম্বর ০২-৯৫৩০২২০ (সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সকাল ১০.৩০ হতে বিকাল ৫.৩০ পর্যন্ত)